

# ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৯১০

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৫. প্রথম অনুচ্ছেদ - তাশাহুদ

بَابُ التَّشَهُّدِ

### আরবী

وَعَن عبد الله بن عَبَّاس أَنَّهُ قَالَ: كَانَ رَسُولُ اللّهِ صَلَّى اللّهُ عَلَيْهِ وَسَلَّمَ يُعَلِّمُنَا التَّشَهُدَ كَمَا يُعَلِّمُنَا السُّورَةَ مِنَ الْقُرْآنِ فَكَانَ يَقُولُ: «التّحِيَّاتُ الْمُبَارَكَاتُ الصَّلَوَاتُ الطّيّبِاتُ لِلّهِ السَّلَامُ عَلَيْكَ أَيُّهَا النّبِيُّ وَرَحْمَةُ اللّهِ وَبَرَكَاتُهُ السَّلَامُ عَلَيْنَا وَعَلَى عِبَادِ اللّهِ اللّهِ السَّلَامُ عَلَيْنَا وَعَلَى عِبَادِ اللّهِ السَّلَامُ عَلَيْنَا وَعَلَى عِبَادِ اللّهِ السَّلَامُ عَلَيْنَا وَعَلَى عِبَادِ اللّهِ الصَّالِحِينَ أَشْهَدُ أَنْ لَا إِلَهَ إِلَّا اللّهُ وَأَشْهَدُ أَنَّ مُحَمَّدًا رَسُولُ اللّهِ» . رَوَاهُ مُسْلِمٌ وَلَمْ أَجِدْ فِي الْجَمْعِ بَين الصَّحِيحَيْنِ: «سَلام عَلَيْك» و «سَلام عَلَيْنَا» بِغَيْرِ فِي الْجَمْعِ بَين الصَّحِيحَيْنِ: «سَلام عَلَيْك» و «سَلام عَلَيْنَا» بِغَيْرِ فَي الْجَمْعِ بَين الصَّحِيحَيْنِ: «سَلام عَلَيْك» و «سَلام عَلَيْنَا» بِغَيْرِ فَي الْجَمْعِ بَين الصَّحِيحَيْنِ: «سَلام عَلَيْك» و «سَلام عَلَيْنَا» بِغَيْرِ فَي الْجَمْعِ بَين الْجَامِع عَن التِّرْمِذِيّ

#### বাংলা

৯১০-[৫] 'আবদুল্লাহ ইবনু 'আব্বাস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাদেরকে আত্তাহিয়্যাতু শিক্ষা দিতেন, যেভাবে তিনি আমাদেরকে কুরআন মাজীদের সূরাহ্ শিক্ষা দিতেন। তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বলতেন, ''আততাহিয়্যা-তুল মুবা-রাকা-তুস্ সলাওয়া-তু ওয়াততাইয়্যিবা-তু লিল্লা-হি। আসসালা-মু 'আলায়কা আইয়্যহান্ নাবিয়্যু ওয়া রহমাতৃল্ল-হি ওয়া বারাকা-তুহু। আসসালা-মু 'আলায়না- ওয়া 'আলা- 'ইবা-দিল্লা-হিস্ স-লিহীন। আশহাদু আল্লা- ইলা-হা ইল্লাল্লা-হু ওয়া আশহাদু আল্লা মুহাম্মাদান 'আবদুহূ ওয়ারসূলুহু''।[1]

মাসাবীহ সংকলক বলেন, সালা-মুন 'আলায়কা এবং সালা-মুন 'আলায়না- 'আলিফ' 'লাম' ছাড়া বুখারী, মুসলিম ও এদের সংকলন হুমায়দীর কিতাবে কোথাও নেই। কিন্তু জামি'উল উসূল প্রণেতা তিরমিয়ী হতে এভাবে বর্ণনা করেছেন।[2]

## ফুটনোট

[1] সহীহ : মুসলিম ৪০৩। অপর একটি বর্ণনায় রয়েছে যা মুসলিমে রয়েছে فَرُسُونُكُ عَبْدُه وَرَسُونُكُ عَبْدُه وَرَسُونُكُ



[2] সহীহ : তিরমিয়ী ২৯০, নাসায়ী ১১৭৪, ১২৭৮, ইবনু মাজাহ্ ৯০০, আহমাদ ২৮৯২, সহীহ ইবনু হিব্বান ১৯৫২।

#### ব্যাখ্যা

ব্যাখ্যা: আমাদেরকে তাশাহুদ শিক্ষা দিতেন যেমনভাবে কুরআনের সূরাহ্ শিক্ষা দিতেন এটা পরিপূর্ণ গুরুত্ব বহন করছে এবং তাশাহুদ পড়া ওয়াজিব তা প্রমাণ করছে।

(اَلسَّلَامُ عَلَيْكَ أَيُّهَا النَّبِيُّ وَرَحْمَةُ اللهِ) মুসলিম, আবূ দাউদ, ইবনু মাজাহ্ এবং আহমাদ-এর এক রিওয়ায়াতে 'আলিফ' 'লাম' সহকারে বর্ণিত হয়েছে। আর তিরমিযী, নাসায়ী, শাফি'ঈ এবং আহমাদ-এর অন্য রিওয়ায়াতে 'আলিফ' 'লাম' ছাড়া سَلَامٌ বর্ণিত হয়েছে।

ইমাম নাবাবী বলেনঃ দু'টিই বৈধ তবে আলিফ সহকারে ألستَّلامُ পড়াটা বেশী উত্তম।

وَأَشْهَدُ أَنَّ مُحَمَّدًا رَّسُوْلُ اللهِ) আমি সাক্ষয দিচ্ছি, মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আল্লাহর রসূল, এটা শুধু ইবনু 'আব্বাস (রাঃ) একাই বর্ণনা করেছেন আর অন্য সকল রাবী যেমন, 'আবদুল্লাহ ইবনু 'উমার (রাঃ), 'আবদুল্লাহ ইবনু মাস্'উদ, জাবির (রাঃ), 'আবদুল্লাহ ইবনুয্ যুবায়র- সবাই এ শব্দে বর্ণনা করেছেন যে, (أَنَّ مُحَمَّدًا عَبْدُهُ وَرَسُوْلُهُ 'আর আমি সাক্ষয দিচ্ছি মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তার বান্দা ও রসূল"।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন